

# ৯ম সামিট ওপেন এবং ২৩তম সামিট কাপ গল্ফ টুর্নামেন্ট ২০১৮ শুরু



(ঢাকা) ২৩শে ডিসেম্বর ২০১৮, রবিবার: প্রতিবছরের মতো এবারও আজ থেকে কুর্মিটোলা গল্ফ ক্লাবে শুরু হয়েছে ৯ম সামিট ওপেন এবং ২৩তম সামিট কাপ গল্ফ টুর্নামেন্ট। মোট ছয়দিন ব্যাপী (২৩-২৮ ডিসেম্বর, ২০১৮) এবারের টুর্নামেন্টে মোট ৭০০-এরও বেশী অ্যামেচার এবং প্রফেশনাল গল্ফার অংশগ্রহণ করবে।

এবছর অনুষ্ঠিত গল্ফ টুর্নামেন্টের প্রফেশনাল গল্ফারদের প্রতিযোগিতায় বিজয়ীদের পনোরো লক্ষ টাকার সম্মুখের পুরস্কার দেয়া হবে। বাংলাদেশ প্রফেশনাল গল্ফারস এসোসিয়েশন (বিপিজিএ) এবং কুর্মিটোলা গল্ফ ক্লাব (কেজিসি) টুর্নামেন্টটি আয়োজন করবে। সামিট গ্রুপ এই টুর্নামেন্টের টাইটেল স্পন্সর।

আগামী ২৮ই ডিসেম্বর পুরস্কার বিতরণী অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে প্রতিযোগীদের হাতে পুরস্কার তুলে দেয়া হবে। ৯ম সামিট ওপেন এবং ২৩তম সামিট কাপ গল্ফ টুর্নামেন্টের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ বিমান বাহিনীর প্রধান এয়ার চীফ মার্শাল মাসিহুজ্জামান সেরনিয়াবাত, বিবিপি, ওএসপি, এনডিইউ, পিএসসি।

**সামিট ওপেন এবং সামিট কাপ গল্ফ টুর্নামেন্ট সম্পর্কে বিস্তারিত:**

কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (সিএসআর) কার্যক্রমের অংশ হিসেবে সামিট গ্রুপ বাংলাদেশে শিক্ষা, স্বাস্থ্য, শিল্প-সংস্কৃতি, ক্রীড়াসহ বিভিন্ন ক্ষেত্রে অবদান রাখছে। ক্রীড়া ক্ষেত্রে অবদান স্বরূপ সামিট ওপেন এবং সামিট কাপ গল্ফ টুর্নামেন্ট আয়োজনের মাধ্যমে গত দু'দশকেরও বেশী সময় ধরে দেশে গল্ফ খেলাটিকে জনপ্রিয় করার চেষ্টা করে যাচ্ছে প্রতিষ্ঠানটি। ঢাকা ক্যান্টনমেন্টের কুর্মিটোলা গল্ফ ক্লাবের সবুজের সমারোহে আয়োজিত এই টুর্নামেন্টে এ পর্যন্ত উল্লেখযোগ্যসংখ্যক দেশী-বিদেশী গল্ফার অংশ নিয়েছেন।

**বিস্তারিত তথ্যের জন্য:**

মোহসেনা হাসান | ইমেইল-[mohsena.hassan@summit-centre.com](mailto:mohsena.hassan@summit-centre.com) | মোবাইল- ০১৭১৩০৮১৯০৫